

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জয়পুরহাট জেলা কারাগারের নেতৃত্বকৰ্তা কমিটি/ উপ-কমিটির সভার
কার্যবিবরণী :

সভাপতি	১। রীতেশ চাকমা জেল সুপার, জয়পুরহাট জেলা কারাগার।
সভার স্থান	২। জেল সুপারের অফিস কক্ষ।
সভার তারিখ	৩। ১৪-০৬-২০২৩
সভার সময়	৪। সকাল ১০: ০০ ঘটিক।

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সবাইকে আন্তরিকতার সহিত নিজ কর্তব্য ও দায়িত্ব পালনের জন্য শুরুত্বারোপ করেন। তিনি সেবা প্রত্যাশীদের সেবা প্রদানে কোনো পৈশাখিল্প প্রদর্শনের সুযোগ নেই মর্মে সবাইকে স্মরণ করে দিয়ে নেতৃত্বকৰ্তা কমিটির সকল সদস্যকে স্বীয় কর্তব্য সততা ও নিষ্ঠার সাথে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি জানান, অত্র কারাগারে গঠিত “নেতৃত্বকৰ্তা কমিটি” এর কার্যপরিধি অনুসারে কারাগারে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহিত কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য প্রচেষ্টা জোরদার করতে হবে। তিনি নেতৃত্বকৰ্তা কমিটির সদস্য সচিব তথা জেলারকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জয়পুরহাট জেলা কারাগারের নেতৃত্বকৰ্তা কমিটি উপস্থিত সদস্যদের মতামতসহ বিভিন্ন বিষয়ের উপর আলোচনা শুরু করার নির্দেশনা প্রদান করেন। উপস্থিত সদস্যগণ কর্তৃক আলোচিত বিষয়গুলি উল্লেখ করা হলো।

ক্রঃ নং	আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণী	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জেলার জনাব মোঃ কামরুল ইসলাম সভায় জানান, কারাগারে সেবা প্রত্যাশীদের যাতে কোন দুর্ভোগ না হয় সেজন্য সবাইকে সচেতন থাকতে হবে। জামিন ও ওকালতনামার বিষয়ে কোন প্রকার দূর্নীতি যাতে না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে। দেখা সাক্ষাত করতে আসা দর্শনার্থীদের সাথে ভাল আচরণ এবং কোন অনেতিক সেনদেন যেন না হয় সে বিষয়ে কঠোর দৃষ্টি রাখা হচ্ছে। বন্দীদের খাবার সরবরাহ ও পরিবেশন সঠিক ভাবে সম্পাদন করা হচ্ছে। বর্তমানে বর্ষাকাল। মশার.প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। মশক নিঃশেষ কর্মসূচী পালন করা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	মশক নিঃশেষ অভিযান ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলার, ডেপুটি জেলার, ও সর্বপ্রধান কারাগারক্ষী
০২	ফার্মাসিস্ট জনাব মোছাই আশরাফী ইয়াছমিন আশা জানান, বন্দীদের স্বাস্থ্য সেবা সঠিক ভাবে প্রদান করা হচ্ছে। বর্তমানে কারা হাসপাতালে কোন সমস্যা নেই।	আরো সতর্ক হয়ে কাজ করার জন্য বলা হয়।	--
০৩	জনাব মোঃ মিজানুর রহমান, হিসাব রক্ষক সভায় জানান, খাদ্য শুদ্ধামে কোন সমস্যা নেই। কারা ঠিকাদারেরা সঠিক ভাবে মালামাল সরবরাহ করছে। কর্মকর্তা/কর্মচারী ও বন্দীদের রেশনের চাউল/গমের শুগগত মান অক্ষুণ্ণ রাখা হচ্ছে।	আরো সতর্ক হয়ে কাজ করার জন্য বলা হয়।	--